

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.sid.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত 'বাংলাদেশের পঞ্চাশ বছরের জাতীয় হিসাব পরিসংখ্যান' শীর্ষক গ্রন্থের পাণ্ডুলিপির চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত যাচাই-বাছাই সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
সময় ও তারিখ : ২০ অক্টোবর ২০২২ খ্রি., বৃহস্পতিবার, ১১ টা
স্থান : সম্মেলনকক্ষ, ব্লক-বি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আতিক এস.বি. সভার আজকের সভা আহ্বানের কারণ ও আলোচ্য বিষয়বস্তু সভাকে অবহিত করেন। তিনি খসড়া প্রতিবেদন ও সংশ্লিষ্ট বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনের জন্য জনাব জিয়াউদ্দিন আহমেদ, পরিচালক, বিবিএসকে অনুরোধ জানান।

২। জনাব জিয়াউদ্দিন আহমেদ বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং কর্তৃক প্রণীত 'বাংলাদেশের পঞ্চাশ বছরের জাতীয় হিসাব পরিসংখ্যান' শীর্ষক পাণ্ডুলিপির বাংলা ও ইংরেজি উভয় ভাষায় খসড়া প্রকাশনাটি প্রস্তুত করা হয়েছে। তিনি আরও বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-র প্রধান কার্যক্রমগুলোর মধ্যে জাতীয় হিসাব প্রাক্কলন অন্যতম এবং ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর থেকে এ জাতীয় হিসাব প্রাক্কলন করে আসছে। বিবিএস উৎপাদন ও ব্যয় পদ্ধতি অনুসরণ করে চলতি ও স্থির মূল্যে জিডিপি প্রাক্কলন করে থাকে। মূল্যস্ফীতির হিসাব বিবেচনায় না নিয়ে দেশের অর্থনীতিতে বিদ্যমান প্রকৃত মূল্য ব্যবহার করে চলতি মূল্যে জিডিপি প্রাক্কলন করা হয়। বিবিএস সম্প্রতি পুরনো বছর (২০০০-০৬) থেকে তুলনামূলকভাবে সাম্প্রতিক বছরে (২০১৫-১৬) জিডিপি ভিত্তিবছর স্থানান্তর করেছে, কারণ এটি একটি আদর্শ অনুশীলন এবং ডিজিপি সংকলনের অপরিহার্য অংশ। এটি বিবিএস-এর 'এডিটরস ফোরাম' কর্তৃক অনুমোদিত হয়ে এ বিভাগে প্রেরণ করা হয়েছে চূড়ান্ত অনুমোদনের জন্য।

৩। এপর্যায়ে জনাব মোঃ আতিক এস.বি. সভার বলেন, খসড়া প্রতিবেদনের বিভিন্ন অংশ যাচাই-বাছাইপূর্বক কমিটিতে উপস্থাপনের জন্য কমিটির সদস্যদের নিকট ইতঃপূর্বেই প্রেরণ করা হয়। সভাপতি উপস্থাপিত প্রতিবেদনের উপর উপস্থিত সম্মানিত সদস্যগণের মতামত আহ্বান করেন। তাঁর অনুমতিক্রমে কমিটির সদস্যগণ প্রতিবেদন যাচাই-বাছাইপূর্বক যেসকল ত্রুটি/বিচ্যুতি পেয়েছেন সেগুলো পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।


৪। সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত 'বাংলাদেশের পঞ্চাশ বছরের জাতীয় হিসাব পরিসংখ্যান' শীর্ষক পাণ্ডুলিপির যাচিত অংশের উপর কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে মতামত প্রদান করেন। এছাড়া কিছু ক্ষেত্রে বানানের ভুল ও বাক্যবিন্যাসে অসঙ্গতি, টেবিল, চার্ট/গ্রাফে অসঙ্গতি সভায় তুলে ধরা হয়।

৫। সভাপতি বলেন, পাণ্ডুলিপিতে অন্তর্ভুক্ত ডেটাগুলো পুনরায় একাধিকবার যাচাই করে ডেটার শুদ্ধতা নিশ্চিত করতে হবে। ম্যানুয়ালি সংরক্ষিত ডেটাসেট থেকে সংকলিত ডেটাসমূহ যাচাই এবং তাতে কোনো ভুল থাকলে তা সংশোধন করতে হবে। প্রতিবেদন কমিটির সদস্যগণ কর্তৃক যেসব ভুল-ত্রুটি এবং বাক্যবিন্যাসে অসঙ্গতি প্রদর্শিত/চিহ্নিত হয়েছে সেগুলোও সংশোধন করতে হবে। তিনি আরও বলেন, সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধনসাপেক্ষে এটি অনুমোদনের সুপারিশ করা হলো।

৬। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) উপস্থাপিত পাণ্ডুলিপিতে অন্তর্ভুক্ত ডেটা পুনরায় একাধিকবার যাচাই করে ডেটার শুদ্ধতা নিশ্চিত করতে হবে।
- (খ) ম্যানুয়ালি সংরক্ষিত ডেটাসেট থেকে সংকলিত ডেটাসমূহ যাচাই এবং তাতে কোনো ভুল থাকলে তা সংশোধন করতে হবে।
- (গ) কমিটির সদস্যগণ কর্তৃক যেসব ভুল-ত্রুটি এবং বাক্যবিন্যাসে অসঙ্গতি প্রদর্শিত/চিহ্নিত হয়েছে, সেগুলো সংশোধন করতে হবে।
- (ঘ) সভার উপরিস্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশোধন সাপেক্ষে 'বাংলাদেশের পঞ্চাশ বছরের জাতীয় হিসাব পরিসংখ্যান' শীর্ষক পাণ্ডুলিপির চূড়ান্ত অনুমোদনের সুপারিশ করা হলো।

৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ মোঃ কাবেদুল ইসলাম)

অতিরিক্ত সচিব

পরিচিতি নং ৪৫৪১ (প্রশাসন)

ও

সভাপতি

প্রতিবেদন যাচাই-বাছাই কমিটি

